গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন
www.brri.gov.bd

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০০০.০৬.০০১.২১.৮ | তারিখ: ৪ চৈত্র ১৪৩০
১৮ মার্চ ২০২৪

বিষয়: **“অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন'' শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির ১০ম সভার কার্যবিবরণী অনুমোদন প্রসংগে।**

সূত্র: ১২.২২.০০০০.০৩০.১৮.০১২.১৭৭৯

## ''অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন'' শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির ১০ম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মো: শাহজাহান কবীর, মহাপরিচালক (গ্রেড-১), ব্রি |
| তারিখ | : | ১৪/০৩/২০২৪ খ্রি. |
| স্থান | : | অন লাইন জুম ক্লাউড প্লাটাফর্ম, ব্রি |
| উপস্থিতি | : | কৃষি মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, আইএমইডি এবং ব্রি'র প্রতিনিধিগণ |

**২.০ উপস্থাপনা:**

গত ১৪/০৩/২৪ তারিখে বিকাল ২.০০ ঘটিকায় সরাসরি উপস্থিত/অনলাইন জুম ক্লাউড প্লাটফর্মে **“অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন”** শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির ১০ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন ব্রি'র মহাপরিচালক (গ্রেড-১) ড. মো: শাহজাহান কবীর। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক জনাব ড. মো: জামিল হাসান সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরে সভাকে জানান যে, প্রকল্পটি ৪৭৮০.৬৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০২১ হতে জুন, ২০২৬ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১৩/০৯/২০২১ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয় এবং গত ২৯ সেপ্টেম্বর ২০১১ তারিখে প্রশাসনিক আদেশ জারী হয়। প্রকল্পটি দেশের ৮টি বিভাগের ২২টি জেলার ২৮টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের অন্যতম প্রধান উদ্দেশ্য হলো বাংলাদেশের কৃষকের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে ভোক্তার চাহিদা অনুযায়ী গবেষণা আধুনিকায়নের মাধ্যমে অধিক ফলনশীল নতুন হাইব্রিড ধানের জাত উদ্ভাবন ও টেকসই খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ। প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ হলো ক) ভোক্তার চাহিদা অনুযায়ী অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবনে একটি গবেষণা ল্যাবরেটরীর সুবিধাদি বৃদ্ধিকরণ; খ) লবণাক্ততা, জলমগ্নতা, ঠান্ডা, ব্লাইট ও ব্লাস্ট (Salinity, Submergence, Cold, BB and Blast) সহনশীল/প্রতিরোধী ২টি হাইব্রিড ধানের জাত এবং ২৫ কৌলিক সারি উদ্ভাবন; গ) ব্রি উদ্ভাবিত হাইব্রিড ধানের জাত সমূহের কৃষক পর্যায়ে জনপ্রিয়করণে ব্রি হাইব্রিড প্রযুক্তির উপর ৩৬০ টি ফলাফল প্রদর্শনী স্থাপন (Adaptive Trial) এবং হাইব্রিড ধান প্রযুক্তির সাথে সংশ্লিষ্ট সরকারি-বেসরকারী পর্যায়ের ১৯৪৫ জন কর্মকর্তা ও ৭২০০ অগ্রগামী কৃষককে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান; এবং ঘ) হাইব্রিড ধান গবেষণায় দক্ষ জনবল গড়ে তোলার জন্য ১২৫ জন বিজ্ঞানীকে স্থানীয় প্রশিক্ষণ, ২৫ জনকে বৈদেশিক প্রশিক্ষণ ও ১৫ জনকে সেমিনার/কর্মশালায় অংশগ্রহণ এবং ২ জন বিজ্ঞানীকে স্থানীয় পিএইচডি ডিগ্রী অর্জনে সহায়তা প্রদান।

**৩.০ আলোচ্য বিষয়-১: ২০২৩-২৪ অর্থ বছরের কর্মপরিকল্পনা এবং প্রধান কার্যক্রম পর্যালোচনা:**
প্রকল্প পরিচালক সভাকে জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে উক্ত প্রকল্পের এডিপিতে ১৬২৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এর মধ্যে রাজস্ব খাতে ৬২৫.০০ লক্ষ টাকা (নগদ মজুরী ও বেতন, পণ্য ও সেবার ব্যবহার, প্রশিক্ষণ, হাইব্রিড বীজ উৎপাদন) এবং মূলধন খাতে ১০০০.০০ লক্ষ টাকা (অটোমিক ভ্যাকিউম প্যাকিং মেশিন, অটোমেটিক ডিএনএ/আরএনএ এক্সট্রাকসন সিস্টেম, থার্মাল সাইকলার (পিসিআর সিস্টেম) ৩*৩২ ওয়েল ব্লক, থার্মাল সাইকলার (পিসিআর সিস্টেম) উইদ ভেরিপ্লেক্স ব্লকস, রিয়েল টাইম পিসিআর সিস্টেম উইদ ল্যাপটপ, ক্লাস- ২ বায়োলজিক্যাল সেপ্টি কেবিনেট উইদ গ্লাস বিড স্টেরিলাইজার, ফ্রিজ ড্রয়ার, ডিএনএ কোয়ান্টিফাইং মেশিন, স্যাকিং ওয়াটার বাথ (ট্যাম্পারেচার কন্ট্রোলড, পিসিআর টিউব ০.২ এমএল (১বক্স= ১০০০ পিস), পিসিআর প্লেট (১ বক্স= ১০ পিস), সিলিং টাইপ এসি, (৪.৫ টন- ৮টি; মলিকুলার ল্যাবরেটরি), ডিইউমিডিফাইড বীজ সংরক্ষণাগার, ড্রেইনেজ ফেসিলিটি (আরসিসি), গবেষণা মাঠ উন্নয়ন (মাটি ভরাট)।

**৪.০ আলোচ্য বিষয়-১: ২০২২-২৩ অর্থ বছরের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

৪.১ আমন ও বোরো মওসুমের জন্য উপযোগী ১০টি পিতৃ সারি ও দু'টি মাতৃ সারি সনাক্ত করা হয়েছে যাদের মধ্যে লবনাক্ততা সহনশীল জিন (Saltol) বিদ্যমান। এই মাতৃ ও পিতৃসারি ব্যবহার করে বীজ উৎপাদনের কাজ চলমান আছে।

৪.২ চলতি বোরো মওসুম ২০২৩-২৪ এ পর্যন্ত ব্রি উদ্ভাবিত হাইব্রিড ধানের বীজ উৎপাদনের জন্য ৬৫২ একরের প্যারেন্টাল লাইনের চাহিদা পত্র এসেছে । চাহিদা অনুযায়ী প্যারেন্টাল লাইন সরবরাহ করা হয়েছে ।

৪.৩ চলতি বোরো মওসুম ২০২৩-২৪ ব্রি উদ্ভাবিত বিভিন্ন হাইব্রিডের প্রায় ২০ টন বীজ (১৯৮৭৮ কেজি) ব্রি'র বিভিন্ন আঞ্চলিক কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে ।

৪.৪ চলতি বোরো ২০২৩-২৪ মওসুমে ব্রি'র বিভিন্ন আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে ব্রি হাইব্রিড ধান৩, ব্রি হাইব্রিড ধান৫ এবং ব্রি ধান৮ এর মোট ৯৭৭ টি প্রদর্শনী স্থাপন করা হয়েছে। ব্রি হাইব্রিড ধান৩ এর ২২০ টি, ব্রি হাইব্রিড ধান৫ এর ২২০ টি এবং ব্রি হাইব্রিড ধান৮ ৫৩৭ টি। ইতিমধ্যে বীজ সরবরাহ করা হয়েছে।

৪.৫ আমন ২০২৩ মওসুমে অগমেন্টেড ডিজাইনে ৬০ টি পরীক্ষামূলক হাইব্রিডকে ৩ টি চেক জাতের সাথে (ব্রি হাইব্রিড ধান৬, ধানীগোল্ড ও এ জেড-৭০০৬) তুলনা করা হয়েছে। চেক জাতের চেয়ে ফলন ১০% এর উপর বেশী হওয়ায় তিনটি এনট্রি বাছাই করা হয়েছে।

৪.৬ আমন ২০২৩ মওসুমে প্রাথমিক ফলন পরীক্ষণের (PYT) মাধ্যমে ১৩টি নিজস্ব হাইব্রিড ৩টি চেকজাতের (ব্রি হাইব্রিড ধান৬, এ জেড-৭০০৬ ও ধানী গোল্ড) সাথে তুলনা করা হচ্ছে। চেক জাতের চেয়ে ১৫% এর উপর ফলন বেশী হওয়ায় ২টি হাইব্রিডকে বাছাই করা হয়েছে ।

৪.৭ আমন ২০২৩ মওসুমে ১৪টি সম্ভবনাময় হাইব্রিডকে ৫টি লোকেশনে (গাজীপুর, বরিশাল, রংপুর, ইশ্বরদী ও সোনাগাজীতে) রেপ্লিকেটেড ট্রায়ালের মাধ্যমে ৩টি চেক জাতের (ব্রি হাইব্রিড ধান৬, এ জেড-৭০০৬ ও ধানী গোল্ড) সাথে ফলাফল মূল্যায়ন করা হয়েছে। চেক জাতের চেয়ে ফলন ১০% এর উপর বেশী হওয়ায় তিনটি এনট্রি (পাঁচ লোকেশনের গড় ফলনে) বাছাই করা হয়েছে।

৪.৮ চলতি বোরো ২০২৩-২৪ মওসুমে ইশ্বরদী ও বরিশালে ব্রি উদ্ভাবিত বিভিন্ন হাইব্রিডের প্রায় ৭০ একর জায়গায় বীজ উৎপাদনের কর্মসূচী হাতে নেওয়া হয়েছে।

৪.৯ ব্রি উদ্ভাবিত হাইব্রিড ধান প্রযুক্তি ব্যাপকহারে সম্প্রসারণের জন্য সুপ্রিম সীড, ব্যাবিলন এগ্রো ও ডেইরী লিঃ , অস-বাংলা এগ্রো এবং জয়েন্ট বিজনেস সিনডিকেট এর সাথে সমঝোতা চুক্তি (LoA) স্বাক্ষরিত হয়েছে।

৪.১০ ব্রি হাইব্রিড ধান৭ ও ব্রি হাইব্রিড ধান৮ এর চাষাবাদ পদ্ধতি ও বীজ উৎপাদন প্রযুক্তির উপর লিফলেট প্রকাশ করা হয়েছে।

৪.১১ চাতাল নির্মাণ, পানি নিষ্কাশন ব্যবস্থার কাজ সম্পন্ন হয়েছে, বীজ সংরক্ষণাগার ও মাটি ভরাট কাজ পুরোদমে চলছে।

৪.১২ চলতি বোরো ২০২৩-২৪ মওসুমের লবনাক্ত প্রতিরোধী হাইব্রিড ধানের ট্রায়ালের জন্য ২ টি সম্ভবনাময় হাইব্রিড জমা দেওয়া হয়েছে।

**৫.০ আলোচ্য বিষয়-৩: ক্রয় পরিকল্পনা ও দরপত্র সংক্রান্ত আলোচনা:**

সভায় ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ও দরপত্র সংক্রান্ত তথ্যাদি প্রকল্প পরিচালক উপস্থাপন করেন। সভায় প্রকল্প পরিচালক অবহিত করেন যে ২০২৩-২৪ অর্থ বছরে পন্য ৩৩ টি (অটোমিক ভ্যাকিউম প্যাকিং মেশিন, অটোমেটিক ডিএনএ/আরএনএ এস্ট্রাকসন সিস্টেম, থার্মাল সাইকলার (পিসিআর সিস্টেম) ৩*৩২ ওয়েল ব্লক, থার্মাল সাইকলার (পিসিআর সিস্টেম) উইদ ভেরিপ্লেক্স ব্লকস, রিয়েল টাইম পিসিআর সিস্টেম উইদ ল্যাপটপ, ক্লাস- ২ বায়োলজিক্যাল সেপ্টি কেবিনেট উইদ গ্লাস বিড স্টেরিলাইজার, ফ্রিজ ড্রয়ার, ডিএনএ কোয়ান্টিফাইং মেশিন, স্যাকিং ওয়াটার বাথ (ট্যাম্পারেচার কন্ট্রোলড, পিসিআর টিউব ০.২ এমএল (১বক্স= ১০০০ পিস), পিসিআর প্লেট (১ বক্স= ১০ পিস), সিলিং টাইপ এসি, (৪.৫ টন- ৮টি; মলিকুলার ল্যাবরেটরি) এবং কার্য ০৪ টি (ডিইউমিডিফাইড বীজ সংরক্ষণাগার, ড্রেইনেজ ফেসিলিটি (আরসিসি), গবেষণা মাঠ উন্নয়ন (মাটি ভরাট)। মোট ৩৭ টি (সাইত্রিশ)। ২০২৩-২৪ অর্থবছরে প্রকল্পের ক্রয় পরিকল্পনা এবং ক্রয়ের আওতায় চাতাল নির্মাণ, পানি নিষ্কাশন ব্যবস্থার কাজ সম্পন্ন হয়েছে, বীজ সংরক্ষণাগার ও মাটি ভরাট কাজ পুরোদমে চলছে।

**৬.০ আলোচ্য বিষয়-৩: বিবিধ:**

ব্রির ”অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন” শীর্ষক প্রকল্পটি কৃষি মন্ত্রণালয়ের একটি অগ্রাধিকার প্রকল্প। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, আউশ ও আমন মওসুমের জন্য সরাসরি বীজ বীজতলায় ছিঠানো এবং বোরো মওসুমের জন্য যথাযথ ভাবে বীজ ভিজানো এবং জাগ দিতে হবে এরপর বীজ বীজতলায় বপন করতে হবে। এ বিষয়ে পরিচালক (গবেষণা) এবং পরিচালক (প্রশাসন) উভয়ে বলেন কি কারণে সরাসরি বীজ বীজতলায় ছিঠাতে হবে তা নিয়ে এক্সপেরিমেন্ট করা যেতে পারে। মহাপরিচালক ব্রি বলেন যে, এ প্রকল্পটি আগের প্রকল্পের ধারাবাহিকতায় জিওবি অর্থায়নে অনুমোদিত হয়েছে এবং প্রকল্পটি ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে খুবই সঞ্জাতিপূর্ণ এবং প্রকল্পটি সফলভাবে বাস্তবায়ন হলে দেশে উল্লেখযোগ্য হারে ধানের উৎপাদন বাড়বে। তিনি আরও বলেন প্রকল্পের আওতায় উদ্ভাবিত ব্রি হাইব্রিড ধানের দ্রুত কৃষক পর্যায়ে সম্প্রসারণের জন্য গবেষণা ও সম্প্রসারণ প্রতিষ্ঠানের মধ্যে লিংকেজ জোরদার করা প্রয়োজন এবং) লবণাক্ততা, জলমগ্নতা, ঠান্ডা, ব্লাইট ও ব্লাস্ট (Salinity, Submergence, Cold, BB and Blast) সহনশীল/প্রতিরোধী অধিক ফলনশীল জাত উদ্ভাবনের কাজ জোরদার করতে হবে। এ প্রসঙ্গে প্রকল্প পরিচালক বলেন যে, ব্রি উদ্ভাবিত ধানের জাতসমূহ বিএডিসিসহ অন্যান্য বেসরকারি কোম্পানির নিকট বীজ বর্ধনের জন্য এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং কৃষকদের নিকট দ্রুত সম্প্রসারণের লক্ষ্যে মানঘোষিত বীজ বিতরণ করা হয়। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের “অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও অধুনিকায়ন প্রকল্পের ডিপিপি তৈরি করা হয়েছিলো বেশ আগে। প্রকল্প পাশ হয়ে আসতে আসতে কিছুটা সময় চলে গেছে। প্রকল্প চলাকালীন সময়ের মধ্যে বিশ্বব্যাপী মহামারী করোনা ভাইরাস শুরু হয়ে যায়। করোনা ভাইরাস শুরু হওয়ার পর থেকে সকল পণ্যের দাম অত্যাধিক বেড়ে যায়। তাছাড়া, ডলারের মূল্য বেড়ে যাওয়ায় বিদ্যমান স্পেসিফিকেশন ও বাজেট অনুযায়ী উল্লিখিত পণ্য ক্রয় করা সম্ভব হয়নি বিধায় টেকনিক্যাল স্পেসিফিকেশন কিছুটা পরিবর্তন ও পরিবর্ধন করে বর্তমান বাজার পরিস্থিতি ও বাজেট বিবেচনায় নিয়ে দাপ্তরিক প্রাক্কলন কমিটির মাধ্যমে ক্রয়ের জন্য নির্ধারিত হয়। তাছাড়া, ডিপিপিতে বিদ্যমান পণ্যের মধ্যে অনেক পণ্য উৎপাদনকারী কর্তৃক আধুনিকায়ন করা হয়েছে বিধায় সেই পণ্যের দাম বৃদ্ধি পেয়েছে বিধায় পরিবর্তিত স্পেসিফিকেশন অনুযায়ী কর্ম-পরিকল্পনা অনুযায়ী সকল নিয়ম অনুসরণ করে মালামাল ক্রয় করা হবে।

এছাড়া কৃষক পর্যায়ে হাইব্রিড বীজ উৎপাদনের জন্য তাদের প্রকল্পের আওতায় প্রশিক্ষণ দেওয়া হবে এবং আমন মওসুমের জন্য অধিক ফলনশীল জাত উদ্ভাবনের কাজ জোরদার কাজ চলমান। এ পর্যায়ে মহাপরিচালক মহোদয়, ব্রি উদ্ভাবিত হাইব্রিড ধানের অধিক পরিমাণ বীজ উৎপাদনের জন্য বিভিন্ন কোম্পানীর সাথে সমঝোতা স্মারক করার কার্যক্রমকে আরও জোরদার করার জন্য

প্রকল্প পরিচালককে নির্দেশ প্রদান করেন।

**৭.০। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সুপারিশ সমুহ গৃহীত হয়:**

প্রকল্প বাস্তবায়ন কমিটির সুপারিশ সমুহ:

১. চলতি অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের অগ্রগতি শতভাগ সম্পন্ন করতে হবে।

২. হাইব্রিড রাইস বিভাগের আধুনিক মলিকুলার ল্যাব যন্ত্রপাতি দুত সংগ্রহ করতে আগামি ২০২৩-২৪ অর্থবছরে প্রকল্পের সম্ভাব্য ক্রয় পরিকল্পনা এবং ক্রয়ের আওতায় পণ্য ও কার্যের কাজ সম্পন্ন করতে হবে।

৩. ব্রি উদ্ভাবিত হাইব্রিড ধানের অধিক পরিমাণ বীজ উৎপাদনের জন্য বিভিন্ন কোম্পানীর সাথে সমঝোতা স্মারক করার কার্যক্রমকে আরও জোরদার করার করতে হবে।

৪. ব্রি আ.কা. এ বীজ উৎপাদন কার্যক্রম বাড়াতে হবে।

আলোচনায় অংশগ্রহণের জন্য সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮-৩-২০২৪

ড. মো: শাহজাহান কবীর

মহাপরিচালক (গ্রেড-১)

ফোন: ৪৯২৭২০০৫-৯, ৪৯২৭২০৪০

ফ্যাক্স: ৪৯২৭২০০০

ইমেইল: dg@brri.gov.bd

প্রকল্প পরিচালক

অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০০০.০৬.০০১.২১.৮/১(৮)

তারিখ: ৪ চৈত্র ১৪৩০ / ১৮ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) প্রশাসনিক কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

২) এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (চলতি দায়িত্ব), প্রশাসন উইং , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

৩) উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী (সিএএসআর), গবেষণা উইং , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

৪) অফিস সহকারী কাম কম্পিউটার মূদ্রাক্ষরিক, গবেষণা উইং , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

৫) প্রিন্সিপাল প্লানিং অফিসার, পরিকল্পনা ও মূল্যায়ন , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

৬) সিনিয়র প্ল্যানিং অফিসার, পরিকল্পনা ও মূল্যায়ন , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

৭) সিস্টেম এনালিস্ট , আইসিটি সেল , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

৮) অফিস নথি।

১৮-৩-২০২৪

ড. মো: শাহজাহান কবীর

মহাপরিচালক (গ্রেড-১)